

অনিয়মতান্ত্রিকভাবে কুমিল্লা জিলা স্কুলে ছাত্র ভর্তি

কুমিল্লা/লাকসাম প্রতিনিধি।

বছরের মাকামাতি সময়ে বহুশতাব্দী
কুমিল্লা জিলা স্কুলে অনিয়মতান্ত্রিকভাবে
অর্ধশতাব্দিক ছাত্র ভর্তি হয়েছে। এভাবে ছাত্র
ভর্তি হওয়ায় শিক্ষাব্যবস্থা এবং স্কুলের
পরিবেশের সৃষ্টি অবস্থা ভেঙে পড়বে বলে
অশংকা করা হচ্ছে। রাজনৈতিক এবং
প্রশাসনিক চাপের মুখে ওইসব ছাত্র ভর্তি করা
হয় বলে স্কুলের প্রধান শিক্ষক জানিয়েছেন।
জেলার ঐতিহ্যবাহী বিন্যাসী কুমিল্লা জিলা
স্কুল দীর্ঘদিনের সুনাম এবং প্রশাসনিক সৃষ্টি
ব্যবস্থার হাল, ভেঙে হঠাৎ করে এই ভর্তি
প্রক্রিয়া করায় অভিভাবকরা শিক্ষার মান
নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। গতকাল ২২
মে বহুশতাব্দী মন্ত্রী, এমপি, দলীয়

শীর্ষনেতা এবং প্রশাসনের চাপে পকম ও মঠ
শ্রেণীতে অর্ধশতাব্দিক ছাত্র ভর্তি হয়েছে।
গতকাল দুপুরে জিলা স্কুলে গিয়ে এই তথ্য
জানা যায়। এই সংখ্যা একশ' ছাড়িয়ে যেতে
পারে বলে একজন শিক্ষক জানিয়েছেন।
এ ভর্তির ব্যাপারে জিলা স্কুলের প্রধান শিক্ষক
বিশ্বর চন্দ্রপাল যুগান্তরকে বলেন, উৎসুক
অভিভাবক, রাজনৈতিক ব্যক্তিত্ব এবং
প্রশাসনের উর্ধ্বতন ব্যক্তিদের চাপে এই ভর্তি
প্রক্রিয়ার হাত দেয়া হয়। তিনি বলেন, এই
ভর্তির ফলে ক্লাসে চাপ বাড়বে। ছাত্রদের
বসার জায়গার অসুবিধা হবে এবং
শিক্ষকদের পাঠদানে মারাত্মক অসুবিধা
হবে। তিনি বলেন, বছরের মধ্যবর্তী ভর্তি
করতে বাধা হয়েছি বলেই ভর্তি করা হয়েছে।